


# বাল্যবিবাহ



## বাল্যবিবাহ কী?

বাংলাদেশের আইন অনুযায়ী বিয়ের জন্য মেয়েদের বয়স কমপক্ষে ১৮ বছর এবং ছেলেদের কমপক্ষে ২১ বছর হতে হবে। এর আগে বিয়ে হলে তাকে বাল্যবিবাহ বলে। আমাদের দেশের প্রচলিত আইন অনুযায়ী বাল্যবিবাহ দণ্ডনীয় অপরাধ।

### বাল্যবিবাহের কারণ

- দরিদ্রতা
- মেয়েশিশুর প্রতি অবহেলা
- মেয়েদের লেখাপড়ার সুযোগ কম থাকা
- কন্যা দায়গ্রস্ত পিতার দায়মুক্ত হওয়া
- অল্প বয়সী মেয়েকে বিয়ে করার প্রবণতা
- সামাজিক নিরাপত্তার অভাব
- স্কুল থেকে ঝরে পড়া
- বিবাহ আইন সম্পর্কে ধারণা কম থাকা
- বাল্যবিবাহ নিরোধ আইনের যথাযথ প্রয়োগ না হওয়া
- প্রচলিত সামাজিক চাপ/ প্রথা ও কুসংস্কার
- জেন্ডার বৈষম্য

### বাল্যবিবাহের পরিণতি

- কিশোরী মায়ের পুষ্টিজনিত সমস্যা
- গর্ভপাত ও প্রসবকালীন জটিলতা
- অপরিশ্রুত, অপরিশ্রুত, অপুষ্ট ও স্বল্প ওজনের শিশুর জন্মদান
- দীর্ঘস্থায়ী প্রজনন স্বাস্থ্য সমস্যা (যেমন: ফিস্টুলা)
- মা ও শিশু মৃত্যুর ঝুঁকি বাড়ে
- অল্পবয়সী পুরুষ সংসারের দায়িত্ব নিতে পারে না, ফলে দাম্পত্য কলহ সৃষ্টি হয়
- কিশোরীদের ঝুঁকিপূর্ণ ও অনিরাপদ যৌন আচরণে বাধ্য করে
- যৌনরোগ/এইচআইভি
- বিবাহ বিচ্ছেদ ও আত্মহত্যা

মনে রাখতে হবে : ১৮ বছর বয়স পর্যন্ত শিশুকাল। তাই ১৮ বছর বয়সের আগে বিয়ে নয়, ২০ বছর বয়সের আগে গর্ভধারণ নয়।